# গঠনতন্ত্র

## হাকিমপুর ফাউন্ডেশন

## স্থাপিত: ২০২৫ খ্রিস্টাব্দ

**ব্যবস্থাপনায়: উপজেলা প্রশাসন, হাকিমপুর, দিনাজপুর।**

# মুখবন্ধ

হাকিমপুর উপজেলায় বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম স্থলবন্দর-হিলি স্থলবন্দর অবস্থিত। বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড বিবেচনায় হাকিমপুর উপজেলার গুরুত্ব অপরিসীম। সীমান্তবর্তী এই উপজেলার ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে যথেষ্ট সুনাম ও সম্ভাবনা থাকা সত্ত্বেও বিকশিত হয়নি। শিক্ষায় অনগ্রসর এই উপজেলাটি সীমান্তবর্তী হওয়ার কারনে মাদকাসক্তি থেকে মুক্তির জন্য শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে অগ্রগতির পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমকে গুরুত্ব দেওয়ার আবশ্যকতা রয়েছে।

উপজেলা প্রশাসন, হাকিমপুর, দিনাজপুর-এর উদ্যোগে হাকিমপুর উপজেলার শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া এবং সাহিত্য ও সাংস্কৃতিক ক্ষেত্রকে এগিয়ে নেওয়ার মহান লক্ষ্যকে উদ্দেশ্য করে গঠিত হাকিমপুর ফাউন্ডেশন এ উপজেলার মানুষের কল্যাণ, উন্নয়ন ও অগ্রযাত্রার দিগন্তকে নতুনভাবে উন্মোচিত করবে।

সামগ্রিকভাবে উপজেলার সকল পর্যায়ের ব্যক্তিবর্গের সাথে আলোচনা করে সর্বসম্মতিক্রমে গঠিত হাকিমপুর ফাউন্ডেশন শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া এবং সাহিত্য ও সাংস্কৃতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে- এই প্রত্যাশা রইলো।

আমি হাকিমপুর ফাউন্ডেশনের উত্তরোত্তর সাফল্য ও মঙ্গল কামনা করছি।

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
হাকিমপুর, দিনাজপুর

তারিখ: ১৫ অগ্রহায়ণ, ১৪৩২
৩০ নভেম্বর, ২০২৫

# গঠনতন্ত্র

১। ভূমিকা: উপজেলা প্রশাসন, হাকিমপুর, দিনাজপুর-এর উদ্যোগে হাকিমপুর উপজেলার শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া এবং সাহিত্য ও সাংস্কৃতিক ক্ষেত্রকে এগিয়ে নেওয়ার মহান লক্ষ্যকে উদ্দেশ্য করে গত ২৭ আগস্ট, ২০২৫ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা এবং ২৩ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে অনুষ্ঠিত হাকিমপুর ফাউন্ডেশন গঠন ও উপজেলার সামগ্রিক উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভার সিদ্ধান্ত মোতাবেক হাকিমপুর ফাউন্ডেশন গঠিত হয়। হাকিমপুর ফাউন্ডেশনের কার্যক্রমকে সুবিন্যস্ত ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে ৩০ নভেম্বর, ২০২৫ তারিখে এই গঠনতন্ত্র সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

২। শিরোনাম: এই সংস্থার নাম হবে 'হাকিমপুর ফাউন্ডেশন'।

৩। সংজ্ঞা: বিষয় ও অর্থের কোনরূপ বৈপরীত্য দেখা না দিলে –

ক) ফাউন্ডেশন বলতে হাকিমপুর ফাউন্ডেশন বুঝাবে।

খ) উপজেলা বলতে হাকিমপুর উপজেলার ভৌগোলিক ও প্রশাসনিক এলাকাকে বুঝাবে।

গ) সভাপতি বলতে হাকিমপুর ফাউন্ডেশনের সভাপতিকে বুঝাবে।

ঘ) কমিটি বলতে হাকিমপুর ফাউন্ডেশনের বিভিন্ন উদ্দেশ্যে গঠিত কমিটি, উপকমিটি ও বাছাই কমিটিকে বুঝাবে।

ঙ) তহবিল বলতে ফাউন্ডেশনের নামীয় যে কোন অর্থ বুঝাবে।

(চ) সাধারণ সদস্য ও আজীবন সদস্য বলতে হাকিমপুর ফাউন্ডেশনের সাধারণ সদস্য ও আজীবন সদস্য বোঝাবে।

(ছ) ওয়ারেন্ট অব প্রিসিডেন্স বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত ওয়ারেন্ট অব প্রিসিডেন্স বোঝাবে।

৪। আওতাধীন এলাকা/ কর্ম এলাকা: এই ফাউন্ডেশনের আওতাধীন এলাকা/ কর্ম এলাকা হবে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার এলাকাসমূহ।

৫। অফিস/ সদর দপ্তর: হাকিমপুর ফাউন্ডেশন এর একটি স্থায়ী অফিস থাকবে। স্থায়ী অফিস না হওয়া পর্যন্ত হাকিমপুর উপজেলা পরিষদ চত্বরে পুরাতন লাইব্রেরি ভবনটি অস্থায়ী অফিস কক্ষ হিসেবে ব্যবহৃত হবে।

৬। হাকিমপুর ফাউন্ডেশন এর একটি মনোগ্রাম থাকবে।

৭। ফাউন্ডেশন এর প্রকৃতি, লক্ষ্য ও উদ্দেশ্য:

**(ক) প্রকৃতি:** ফাউন্ডেশন একটি অরাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী জনকল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হবে। প্রয়োজনে ফাউন্ডেশনের কার্যনিবাহী পরিষদ ও সাধারণ পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সরকারি কোন দপ্তর বা সংস্থা কর্তৃক নিবন্ধন করা যাবে।

**(খ) লক্ষ্য:** হাকিমপুর উপজেলার শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া এবং সাহিত্য ও সাংস্কৃতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন কিংবা ভবিষ্যতে অবদান রাখবেন এমন নিবেদিতদের সাহায্য প্রদানসহ হাকিমপুর ফাউন্ডেশন হাকিমপুর উপজেলার মানুষের কল্যাণ, উন্নয়ন ও অগ্রযাত্রায় সহায়তা প্রদান করবে।

**(গ) উদ্দেশ্য:**

১) হাকিমপুর উপজেলা থেকে বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে অস্বচ্ছল শিক্ষার্থীদের ভর্তি/ শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান।

২) হাকিমপুর উপজেলা থেকে বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে অধ্যয়নরত গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন/মেয়াদ ভিত্তিক বৃত্তি প্রদান।

৩) দুর্ঘটনায়/ জটিল রোগে আক্রান্ত শিক্ষক/ কর্মচারী/ শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান।

৪) লেখাপড়ার স্বার্থে প্রতিবন্ধী, পিছিয়ে পড়া ও ক্ষুদ্র-নৃতাত্বিক গোষ্ঠীর সন্তানদের আর্থিক সহায়তা প্রদান।

৫) স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কোন বিষয়ে কৃতিত্বপূর্ণ অবদান রেখেছেন বা রাখবেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান এবং হাকিমপুর উপজেলার কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা, সম্মাননা, আর্থিক মঞ্জুরি বা 'ফাউন্ডেশন পদক'/সার্টিফিকেট প্রদান করা।

৬) মাদক/স্বাস্থ্য সচেতনতা বিষয়ক কার্যক্রম, সেবা ক্যাম্প স্থাপনে সহযোগিতা প্রদান করা।

৭) স্থানীয়/জাতীয় জরুরী গুরুত্বপূর্ণ প্রয়োজনে/ দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে জনগণের মাঝে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা।

৮) তহবিল ব্যবহারের ক্ষেত্রে হাকিমপুর উপজেলাধীন সকল পর্যায়ের অস্বচ্ছল অবসরপ্রাপ্ত শিক্ষক/ শিক্ষক/ কর্মচারীদের অগ্রাধিকার দেয়ার বিষয়টি বিবেচনা করা হবে।

৯) উপজেলা শিল্পকলা একাডেমি, উপজেলা ক্রীড়া সংস্থা, উপজেলা পাবলিক লাইব্রেরি এবং বাংলাদেশ স্কাউটস, হাকিমপুর উপজেলা শাখার উন্নয়নে প্রয়োজনে সহায়তা করা।

১০) নারী ও শিশুদের উন্নয়নে সহায়তা প্রদান।

৮। সদস্য:

(ক) সাধারণ সদস্য: সদস্য ফরম সংগ্রহ এর মাধ্যমে এককালীন ১০০০/- (এক হাজার টাকা) অনুদান প্রদান করে যে কোন ব্যক্তি এক মেয়াদে সাধারণ সদস্য হিসেবে গণ্য হবেন। প্রতি ০২ (দুই) বছর অন্তর পুনরায় কমপক্ষে ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করে সদস্য নবায়ন করা যাবে।

(খ) আজীবন সদস্য: যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এককালীন কমপক্ষে ২০,০০০/-(বিশ হাজার) টাকা প্রদান করে ফাউন্ডেশনের আজীবন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন। আজীবন সদস্যদের নাম ফাউন্ডেশনের অফিসে সম্মাননা বোর্ডে প্রদর্শিত হবে। ১১ নম্বর অনুচ্ছেদ মোতাবেক কোন অরাজনৈতিক সংস্থা/প্রতিষ্ঠান/সংগঠন ফাউন্ডেশনে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা বা ততোধিক আর্থিক অনুদান প্রদান করলে ঐ সংস্থা/সংগঠনের সভাপতি/প্রতিষ্ঠান প্রধান আজীবন সদস্য হিসেবে সাধারন সভায় আমন্ত্রিত হবেন।

৯। পৃষ্ঠপোষক: হাকিমপুর উপজেলার মাননীয় সংসদ সদস্য/মাননীয় মন্ত্রী বা ওয়ারেন্ট অব প্রিসিডেন্স অনুযায়ী সমমর্যাদা/তদূর্ধ্ব কোন ব্যক্তি থাকলে তিনি ফাউন্ডেশনের প্রধান পৃষ্ঠপোষক হবেন। জেলা প্রশাসক, দিনাজপুর; চেয়ারম্যান, জেলা পরিষদ ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং মেয়র, হাকিমপুর পৌরসভা ফাউন্ডেশনের পৃষ্ঠপোষক হবেন। পৃষ্ঠপোষকবৃন্দকে ফাউন্ডেশনের বিশেষ/সাধারণ সভায় আমন্ত্রণ জানানো হবে।

১০। সাংগঠনিক স্তর: উক্ত ফাউন্ডেশনের ২টি সাংগঠনিক স্তর থাকবে।

(১) সাধারণ পরিষদ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| | | |
|---|---|---|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সভাপতি |
| (খ) সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর, দিনাজপুর | - | সহসভাপতি |
| (গ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ঘ) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ঙ) উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (চ) উপজেলা মৎস্য অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ছ) অফিসার ইনচার্জ, হাকিমপুর থানা, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (জ) উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ঝ) উপজেলা সমবায় অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ঞ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ট) উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ঠ) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ড) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ঢ) সাব-রেজিস্ট্রার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ণ) উপজেলা আইসিটি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ত) উপজেলা যুব উন্নয়ন অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (থ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (দ) উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ধ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ন) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (প) সভাপতি, প্রেসক্লাব, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ফ) সভাপতি/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ব) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ভ) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমী, হাকিমপুর | - | সদস্য |
| (ম) সভাপতি, আদিবাসী উন্নয়ন সমিতি, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (য) সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি (মাধ্যমিক), হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (র) সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি (প্রাথমিক), হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (ল) ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |
| (শ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য সচিব |

উপজেলা নির্বাহী অফিসার পদাধিকার বলে সাধারণ পরিষদের সভাপতি হবেন। সাধারণ সদস্য, কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ ও আজীবন সদস্যগণ সভায় সদস্য হিসেবে গণ্য হবেন। উপজেলা নির্বাহী অফিসারের অনুপস্থিতিতে সহকারী কমিশনার (ভূমি) সভায় সভাপতির দ্বায়িত্ব পালন করবেন।

(২)কার্যনির্বাহী পরিষদ: ফাউন্ডেশনের নিম্নরূপ একটি কার্য নির্বাহী পরিষদ থাকবে।

| | | |
|---|---|---|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সভাপতি |
| (খ) সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর, দিনাজপুর | - | সহ সভাপতি |
| (গ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | - | সদস্য |

(ঘ) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর। - সদস্য

(ঙ) উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর - সদস্য

(চ) অফিসার ইনচার্জ, হাকিমপুর, দিনাজপুর - সদস্য

(ছ) উপজেলা প্রকৌশলী, হাকিমপুর, দিনাজপুর - সদস্য

(জ) উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর, দিনাজপুর - সদস্য

(ঝ) উপজেলা সমবায় অফিসার, হাকিমপুর, দিনাজপুর - সদস্য

(ঞ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর - সদস্য

(ট) উপজেলা একাডেমিক সুপারভাইজার, হাকিমপুর, দিনাজপুর। - সদস্য

(ঠ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর - সদস্য

(ড) ফাউন্ডেশনের সভাপতি মনোনীত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১১ জন প্রতিনিধি (কলেজ- ০১, মাধ্যমিক- ০৪, মাদ্রাসা- ০১, প্রাথমিক- ০৫ জন) - সদস্য

(ঢ) ফাউন্ডেশনের সভাপতি কর্তৃক মনোনীত স্থানীয় ২ জন (পুরুষ- ০১ জন, মহিলা- ০১ জন) গণ্যমান্য ব্যক্তি - সদস্য

(ণ) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর - কোষাধ্যক্ষ

(ত) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর - সদস্য সচিব

উপজেলা নির্বাহী অফিসার পদাধিকার বলে কার্যনির্বাহী পরিষদের সভাপতি হবেন। সভাপতির অনুপস্থিতিতে সহসভাপতি ফাউন্ডেশনের সভায় সভাপতির দায়িত্ব পালন করবেন। কার্য নির্বাহী পরিষদের মেয়াদ হবে প্রথম সভার তারিখ হতে ৩ (তিন) বছর। কার্যনির্বাহী পরিষদে মনোনীত সদস্য একাধারে দুই মেয়াদের বেশি থাকতে পারবেন না। কার্যনির্বাহী পরিষদ নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন:

(১) ধারা ৭ অনুযায়ী ফাউন্ডেশনের প্রকৃতি, লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালন;

(২) ধারা ৮ অনুযায়ী বিভিন্ন ধরণের সদস্য সংগ্রহে যথাযথ উদ্যোগ গ্রহণ;

(৩) ধারা ১১ অনুযায়ী তহবিল গঠনের সহায়তা প্রদান এবং

(৪) গঠনতন্ত্রে উল্লিখিত অন্যান্য দায়িত্ব পালন।

১১। তহবিল গঠন: ইতোমধ্যে সংগৃহীত বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আদায়কৃত অর্থ প্রাথমিক তহবিল হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিম্নবর্ণিতভাবে তহবিল গঠন করা যাবে।

১) হাকিমপুর উপজেলা বা উপজেলার বাহিরের যে কোন ব্যক্তি/ সংস্থা/ প্রতিষ্ঠান/সংগঠন কর্তৃক স্বেচ্ছায় প্রদত্ত শর্তহীন ও নিঃস্বার্থ অনুদান যা রসিদ বই অথবা হাকিমপুর ফাউন্ডেশনের ব্যাংক একাউন্টের মাধ্যমে।

২) সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত অনুদান।

৩) সরকারের অনুমোদনপ্রাপ্ত যে কোন আন্তর্জাতিক সাহায্য সংস্থা/ প্রতিষ্ঠান কর্তৃক শর্তহীন অনুদান যা বৈদেশিক সাহায্য মঞ্জুরী, তবে তা অবশ্যই জাতীয় স্বার্থের আলোকে গৃহীত হবে।

৪) সাধারণ সদস্যদের সদস্যপদ নবায়ন ফি হতে প্রাপ্ত অর্থ।

৫) সাধারণ পরিষদের সভা উপলক্ষ্যে সাধারণ সদস্যগণের নিকট হতে রেজিস্ট্রেশন ফি বাবদ উত্তোলিত অর্থ।

৬) তফসিলী ব্যাংক/ ডাকঘর সঞ্চয় ব্যাংক/ জাতীয় সঞ্চয় ব্যুরোতে হাকিমপুর ফাউন্ডেশনের জমাকৃত মেয়াদী ও সঞ্চয়ী আমানত হতে প্রাপ্ত লভ্যাংশ।

৭) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চ্যারিটি শো/লটারীর মাধ্যমে প্রাপ্ত অর্থ এবং কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত সুবিবেচিত ও বাস্তব পদক্ষেপের মাধ্যমে সংগৃহীত অর্থ।

১২। অনুদান গ্রহণ: কার্যনির্বাহী পরিষদের অনুমোদন/ভূতাপেক্ষ অনুমোদন ছাড়া কেউ ফাউন্ডেশনের নামে কোন চাঁদা বা দান গ্রহণ করতে পারবেন না।

১৩। তহবিলের বৈশিষ্ট্য:

১) তহবিলের অর্থ যে কোন তফসিলি ব্যাংক/ব্যাংকসমূহে স্থায়ী/ সঞ্চয়ী/ চলতি একাউন্টে জমা করা যাবে। তবে উক্ত ব্যাংক/ব্যাংকসমূহের কোন আর্থিক ঝুঁকির সম্ভাবনা দেখা দিলে কার্যনির্বাহী কমিটি তাৎক্ষণিকভাবে জমাকৃত অর্থ অন্য ব্যাংক/ব্যাংকসমূহে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করবেন।

২) ব্যাংক/ জাতীয় সঞ্চয় ব্যুরো/প্রতিরক্ষা সঞ্চয়পত্র ইত্যাদির বাৎসরিক আমানতের উপর যেখানে লাভ বেশী পাওয়া যাবে কার্যনির্বাহী পরিষদ সেখানেই অর্থ জমা রাখতে পারবে।

৩) কোন অবস্থাতেই স্থায়ী আমানত ভেঙ্গে কমানো যাবে না।

৪) স্থায়ী আমানতের ওপর প্রতি বছরে প্রাপ্ত লভ্যাংশে যা পাওয়া যাবে তার ৮০% ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে ব্যয় করা যাবে। কমপক্ষে ১০% স্থায়ী আমানতের সহিত যুক্ত হয়ে পরবর্তী বছরের স্থায়ী আমানত হবে এবং সর্বোচ্চ ১০% আনুষঙ্গিক খাতে ব্যয় করা যাবে।

৫) আনুষঙ্গিক খাত হতে সাধারণ পরিষদের সভার ব্যয় সংকুলান করা সম্ভব না হলে সাধারণ সদস্যগণ কর্তৃক প্রদত্ত উক্ত সভার রেজিস্ট্রেশন ফি হতে এবং আরও প্রয়োজন হলে তা সাধারণ সদস্যগণ কর্তৃক প্রদত্ত সদস্যপদ নবায়ন ফি হতে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে সমন্বয় করা যাবে।

৬) চলতি/সঞ্চয়ী আমানত থেকে কার্যনির্বাহী কমিটির অনুমোদন/ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে সভাপতি জরুরি প্রয়োজনে ব্যয় করতে পারবেন। উল্লেখ্য যে, পরবর্তী কার্যনির্বাহী পরিষদে তা অনুমোদন করে নিতে হবে।

৭) হাকিমপুর ফাউন্ডেশনের তহবিল/ তহবিলের কোন অংশ ব্যবসা বাণিজ্যে বিনিয়োগ করা যাবে না।

১৪। তহবিল পরিচালনা ও সংরক্ষণ:

১) কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় ব্যয় সম্পন্ন হবে। কোন ব্যক্তি স্থায়ী আমানত ব্যয় করতে পারবে না।

২) সভাপতি এবং কোষাধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৩) ফাউন্ডেশনের যাবতীয় আয়-ব্যয় সম্পর্কিত বিবরণ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কার্যনির্বাহী পরিষদ কর্তৃক সাধারণ পরিষদের সভায় ফাউন্ডেশনের আয় ও ব্যয়ের হিসাব উপস্থাপন করা হবে।

৪) প্রয়োজনে তহবিল পরিচালনার জন্য কার্যনির্বাহী কমিটির মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক জনবল এবং অফিস পরিচালনার আসবাবপত্র ও অফিস সরঞ্জামাদি ক্রয় করতে পারবেন।

৫) আদায়কৃত নগদ অর্থ অনতিবিলম্বে ফাউন্ডেশনের ব্যাংক হিসাব নম্বরে জমা প্রদান করতে হবে। জমাকৃত অর্থ অবশ্যই চেকের মাধ্যমে বিতরণ করতে হবে।

১৫। হিসাব নিরীক্ষা: কার্যনির্বাহী কমিটি কর্তৃক নিয়োগকৃত অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির মাধ্যমে হাকিমপুর ফাউন্ডেশনের আয় ও ব্যয় নিরীক্ষা করা হবে।

১৬। সভা:

১) সাধারণ পরিষদ প্রতি ০২ বছরে কমপক্ষে একবার সভায় মিলিত হবে। সভা আয়োজনের পূর্বে কার্যনির্বাহী কমিটি প্রয়োজনে সভার উপস্থিতি সংখ্যা নির্ধারণকল্পে অনলাইনে বা অন্য কোন উপায়ে তথ্য সংগ্রহ করতে পারবেন।

২) কার্যনির্বাহী কমিটি প্রতি তিন মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে।

(ক) সভার কোরাম:

১) কার্যনির্বাহী কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

২) সাধারণ পরিষদের সভা পরিচালনার জন্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

(খ) সভা আহ্বান:

১) কার্যনির্বাহী কমিটির সভা কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে আহ্বান করতে হবে। বিশেষ প্রয়োজনে জরুরি ভিত্তিতে সভা আহ্বান করা যাবে।

২) সাধারণ পরিষদের সভা কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে আহ্বান করতে হবে। বিষয়টি সদস্য-সচিব নিশ্চিত করবেন।

১৭। কার্যনির্বাহী কমিটির সদস্যপদ বাতিল:

(ক) হাকিমপুর ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্য পরিপন্থী কোন কাজে জড়িত হলে;

(খ) ফাউন্ডেশনের আর্থিক অনিয়ম কিংবা শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে জড়িত হলে;

(গ) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে এবং

(ঘ) কার্যনির্বাহী পরিষদে যৌক্তিক কারণ ব্যতীত পর পর ০৩(তিনটি) সভায় অনুপস্থিত থাকলে।

উল্লেখ্য যে, সদস্য পদ বাতিলের ক্ষেত্রে কার্যনির্বাহী কমিটির সংখ্যাগরিষ্ঠদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে।

১৮। গঠনতন্ত্র অনুমোদন ও সংশোধন: গঠনতন্ত্র সংশোধন করতে কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সাধারণ পরিষদের সভায় উপস্থিত দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতি প্রয়োজন হবে।

১৯। বিবিধ:

ক) জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর প্রতিষ্ঠাতা সভাপতি হিসাবে গণ্য হবেন। সাধারণ পরিষদের সভায় তাঁকে আমন্ত্রণ জানানো হবে।

খ) কার্যনির্বাহী কমিটির মনোনীত কোন সদস্য দায়িত্বপালনে অপারগতা প্রকাশ করলে কিংবা মৃত্যুবরণ করলে অথবা অন্যত্র বদলী হলে সভাপতির মনোনয়নের মাধ্যমে বাকী সময়ের জন্য পদ পূরণ করা হবে।

গ) সভাপতি, সদস্য সচিব ও কোষাধ্যক্ষ দাপ্তরিক দায়িত্ব পালন করবেন।

ঘ) কোন বিশেষ পরিস্থিতিতে হাকিমপুর ফাউন্ডেশনের বিলুপ্ত অনিবার্য হলে সকল দায় পরিশোধ করার পর অবশিষ্ট সম্পদ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জনহিতকর কাজে ব্যয় করা হবে।

===